

# যুগান্তর

তারিখ: ২১/৪/৮১  
... ২৭ ... কলাম ... ৪ ...

এনএসসি পরীক্ষায় গাইড থেকে প্রশ্ন  
**শিক্ষা মন্ত্রণালয়ের  
তদন্ত কমিটি**  
যুগান্তর রিপোর্ট

সদ্য সমাপ্ত এনএসসি পরীক্ষায় গাইড থেকে প্রশ্ন করার ঘটনা তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। গত ১৭ মার্চ দৈনিক যুগান্তরে প্রকাশিত রিপোর্টের পরিপ্রেক্ষিতে এ তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে মন্ত্রণালয়ের যুগান্তর এনামুল কাদের খান জানিয়েছেন। এ কমিটির আহ্বায়ক করা হয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের যুগান্তর সচিবকে (মাধ্যমিক-২)। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) পরিচালক (মাধ্যমিক) কমিটির সদস্য। কমিটিকে তদন্ত করে ঘটনার সত্যতা যাচাই, কে কে দায়ী তা নির্ণয় ও দায়ীদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া যায় তার সুপারিশ করতে বলা হয়েছে।